



BCPS

# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস্

## Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-৭৭৬/২০২৪/২২৯৮৮

তারিখ: ২০/০৫/২০২৪ খ্রি.


(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

### “এফসিপিএস ১ম পর্ব পাস করা বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক প্রদান সংক্রান্ত নির্দেশনা”

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস্ আইন ২০১৮ (২০১৮ সনের ২নং আইন) এর ধারা ১৮ তে প্রদত্ত ক্ষমতাবলে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত “পারিতোষিক ভাতা প্রদান” নীতিমালা স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৫.০২০.১৭৪.২০২২/৯২৮, ১৩ মার্চ ২০২৪-এর আলোকে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস (বিসিপিএস) কাউন্সিল এফসিপিএস ১ম পর্ব পাস করা বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদের পারিতোষিক প্রদান সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করিলঃ

- ১) বিসিপিএস কর্তৃক স্বীকৃত সরকারি, সংবিধিবদ্ধ, ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত অলাভজনক এবং বিশেষায়িত হাসপাতাল মেডিকেল প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন বিভাগে প্রশিক্ষণরত এফসিপিএস ১ম পর্ব পাস করা বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে পারিতোষিক ভাতা প্রদান করা হইবে। উল্লেখ্য যে, বিসিপিএস কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানগুলোর বিভাগসমূহে সর্বোচ্চ প্রশিক্ষণকাল অনুযায়ী ভাতা প্রদান করা হইবে। প্রশিক্ষণার্থীগণ উক্ত প্রতিষ্ঠানসমূহ হইতে কোন প্রকার বেতন/ভাতাদি গ্রহণ করিতে পারিবেন না।
- ২) ১লা এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ হইতে মাসিক ২০,০০০/- টাকার পরিবর্তে ২৫,০০০/- টাকা হারে প্রশিক্ষণার্থীদেরকে পারিতোষিক প্রদান করা হইবে। তবে সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক এ ভাতার হার পুনঃনির্ধারণ করা হইবে।
- ৩) এ প্রশিক্ষণ চলাকালীন পারিতোষিক গ্রহণকারীগণ অন্য কোথাও কোন প্রকার চাকুরী/ডিউটি/প্র্যাক্টিস করতে পারিবেন না অথবা অন্য কোন উৎস হতে বেতন/ভাতা উত্তোলন করিতে পারিবেন না। যদি কখনও তা প্রমাণ হয়, তাহলে সমুদয় টাকা ফেরৎসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ৪) সরকার হইতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণার্থীদেরকে ৩-৫ বৎসর/পুরো প্রশিক্ষণকাল এ পারিতোষিক প্রদান করা হইবে। প্রশিক্ষণের কোন মেয়াদ ০৬ মাসের কম হইবে না।
- ৫) প্রতি ৬ মাসের প্রশিক্ষণ মেয়াদ যথাযথভাবে গ্রহণ করার নিশ্চয়তা ও প্রমাণপত্র স্থানীয় মনিটরিং কমিটি/ প্রশিক্ষক/ হাসপাতাল পরিচালক/সুপারিন্টেন্ডেন্ট/ সিভিল সার্জন-এর কাছ থেকে গ্রহণ করিতে হইবে। সন্তোষজনকভাবে প্রশিক্ষণ সমাপ্তি সনদ ও প্রত্যয়নপত্র জমাদান সাপেক্ষে এ পারিতোষিক প্রদান করা হইবে। উল্লেখ্য যে, ভাতা হস্তান্তরের প্রক্রিয়াগত প্রয়োজনীয় সময় বিবেচনা করিতে হইবে।
- ৬) বিসিপিএস কর্তৃক স্বীকৃত বিভিন্ন প্রতিষ্ঠানে Road map অনুযায়ী বেসরকারি প্রশিক্ষণার্থীদেরকে পদায়ন করা হইবে। Road map টি নিম্নরূপ: District Hospital > Tertiary Care Hospital/Institute এবং vice versa.
- ৭) প্রতিজন প্রশিক্ষকের অধীনে নির্ধারিত সর্বোচ্চ সংখ্যক প্রশিক্ষণার্থীর অতিরিক্ত কাউকে ভাতা প্রদান করা হইবে না।
- ৮) কলেজ আইনের ধারা ১৪ এর ৬ মোতাবেক বিসিপিএস-এর আর্থিক নীতিমালা অনুযায়ী প্রতি ৬ মাস অন্তর অন্তর প্রশিক্ষণার্থীর ব্যক্তিগত ব্যাংক হিসাবের মাধ্যমে পারিতোষিক প্রদান করা হইবে।
- ৯) জানুয়ারি ২০২০ সেশন এবং তৎপরবর্তী এফসিপিএস ১ম পর্ব পাস করা প্রশিক্ষণরত বেসরকারি/অবৈতনিক প্রশিক্ষণার্থীদেরকে পারিতোষিক এর জন্য গণ্য করা হইবে।
- ১০) প্রশিক্ষণার্থীদেরকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে কলেজের প্রচলিত বিধিবিধান মেনে চলতে হবে।

এতদসংক্রান্ত অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকিবে।

  
(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)  
সচিব, বিসিপিএস।